গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা।
www.powerdivision.gov.bd

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব-উল-আলম<br>অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | : | ২৬-০৯-২০১৬ খ্রি: |
| সভার সময় | : | বেলা ৩.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | বিদ্যুৎ বিভাগের সম্মেলন কক্ষ, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর, ১৯-০৫-২০১৬ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় মন্ত্রিপরিষদের ইনোভেশন টিমের সভার কার্যপত্রের সকল বিষয় নিয়ে আলোচনা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহীত হয়েছেঃ

| ক্রম নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | ইনোভেশন টিম পুনর্গঠন | বিদ্যুৎ বিভাগ আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ইনোভেশন টিম পুনর্গঠন করেছে। | কর্মকর্তাদের বদলিজানিত কারণে কিংবা কাজের সুবিধার জন্য ইনোভেশন টিম খুব অল্প সময়ের মধ্যেই পুর্গঠন করতে হবে। ইনোভেশন টিমে শুধুমাত্র আইসিটি সম্পৃক্ত কর্মকর্তা নয়, মানব সম্পদ উন্নয়নসহ সকল পর্যায়ের কর্মকর্তার অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ০২ | ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন | সভায় গত ১৮/০৯/২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করা হয়। বিদ্যুৎ বিভাগ ও অধিনস্থ দপ্তর/সংস্থা/কোম্পানির বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগ ও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড তাদের ইনোভেশন কর্মপরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করেছে। সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাঁদের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা বিদ্যুৎ বিভাগে আগামী ৭ দিনের মধ্যে প্রেরণ করবে এবং ওয়েবসাইটে প্রকাশ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর/ সংস্থা/কোম্পানি তাদের বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ৭ দিনের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ০৩ | ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি (মন্ত্রণালয়/দপ্তর/সং | বিদ্যুৎ বিভাগ গড়ে ৬০%, বিউবো স্পট মিটারিংয়ের ক্ষেত্রে ৭০% অগ্রগতি অর্জন করেছে। | ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে তার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |

| | | | | |
|---|---|---|---|---|
| | স্থা/কোম্পানি) | | | |
| ০৪ | মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দ্বারা বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগ | বাবিউবো কর্তৃক ২ টি, বাপবিবো কর্তৃক ২ টি উদ্ভাবনী উদ্যোগ নেয়া হয়েছে। | মাঠ পর্যায়ে অন্যান্য দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন/গ্রহণ করার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ৫ | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা /কোম্পানির কর্মকর্তাদের দ্বারা বাস্তবায়নাধীন উদ্যোগ | বাবিউবো কর্তৃক ২ টি এবং বাপবিবো কর্তৃক ২টি উদ্ভাবনীসহ মোট ৪টি | অন্যান্য দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন করার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ৬ | মন্ত্রণালয়ের উদ্যোগে মাঠ পর্যায়ে উদ্যোগ পর্যালোচনার তারিখ | বাবিউবোর Snap Shot :১৬ আগষ্ট, ২০১৬ এবং অনলাইনে বিদ্যুৎ সংযোগ ১ মে, ২০১৬ | অন্যান্য দপ্তর/সংস্থা/কোম্পানির উদ্যোগসমূহ পর্যালোচনা করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ৭ | মাঠ পর্যায়ের উদ্যোগ রেপ্লিকেশন পরিকল্পনা/সংখ্যা | বাবিউবোর মোট ৪টি | অন্যান্য দপ্তর/সংস্থা/কোম্পানির উদ্যোগসমূহ রেপ্লিকেশন করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ৮ | রেপ্লিকেশন সম্পন্ন করা মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ | বিউবোর ময়মনসিংহ বিভাগীয় শহর ও নেত্রকোনা জেলা শহরে স্ন্যাপ শট এর রেপ্লিকেশন সম্পন্ন হয়েছে। অন্যন্য উদ্যোগের রেপ্লিকেশন চলমান রয়েছে। | অন্যান্য দপ্তর/সংস্থা/কোম্পানির উদ্যোগসমূহ রেপ্লিকেশন করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ৯ | ইনোভেশন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ আয়োজন | বাবিউবো ৫-৬ অক্টোবর, ২০১৬ ইনোভেশন সংক্রান্ত দুই দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করেছে। বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিম ও প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানির ২ জন ইনোভেশন টিমের সদস্যের সমন্বয়ে ২ দিনের প্রশিক্ষণ শীঘ্রই আয়োজন করা হবে। | বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিম ও প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানির ২ জন ইনোভেশন টিমের সদস্যের সমন্বয়ে ২ দিনের প্রশিক্ষণ শীঘ্রই আয়োজন করতে হবে। | বিদ্যুৎ বিভাগ সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ১০ | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কতজন কর্মকর্তাকে প্রনোদনা প্রদান করা হয়েছে? (পুরস্কার/ডিও লেটার ইত্যাদি) | বিদ্যুৎ বিভাগ হতে মোট ৭ জন কর্মকর্তাকে ডিও লেটার দেয়া হয়েছে। | ক্রেস্ট/ডিওলেটার/ইনসেনটিভ প্রদান অব্যাহত রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | বিদ্যুৎ বিভাগ |
| ১১ | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কতজন কর্মকর্তাকে বিদেশ প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে? | বিদ্যুৎ বিভাগ হতে ৪ জন এবং মাঠ পর্যায়ে ২ জন কর্মকর্তাকে বিদেশ প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে। | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির স্বীয় উদ্যোগে কর্মকর্তাদেরকে বিদেশে পাঠানোর উদ্যোগ ও পরিকল্পনা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে ইনোভেশন টিমের সদস্য ও উদ্ভাবকদের সবসময় অগ্রাধিকার দিতে হবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ১২ | মেন্টরিং | বিদ্যুৎ বিভাগের এপিএ এর সাথে সম্পৃক্ত বিশেষজ্ঞ পুলের কর্মকর্তাবৃন্দকে মেন্টরিংয়ের দায়িত্ব দেয়ার বিষয়ে আলোচনা হয় | এ বিষয়ে এপিএ এর সাথে সম্পৃক্ত ৩জন কর্মকর্তাকে মেন্টরিংয়ের দায়িত্ব দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ১৩ | ট্রেনিং ইনস্টিটিউটে প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থা/ কোম্পানির নিজস্ব প্রশিক্ষণ মডিউলে "বিদ্যুৎ সেক্টরে ইনোভেশন" শিরোনামে ২ ঘন্টার প্রশিক্ষণ মডিউল যুক্ত করার বিষয়ে আলোচনা হয়। এ ব্যাপারে বিদ্যুৎ বিভাগ হতে সকল সংস্থায় পত্র প্রেরণ করার জন্য তাগিদ | বিদ্যুৎ বিভাগ হতে পত্র দেয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং স্বস্ব দপ্তর/সংস্থা/ কোম্পানি তাঁদের প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দেয়া হয়। | | |
| ১৪ | দপ্তর ভিত্তিক ফেসবুক পেজ তৈরি (সোস্যাল মিডিয়ার ব্যবহার) | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থা/ কোম্পানি তাদের নিজস্ব ফেসবুক পেজ খুলেছে এবং নিয়মিত আপডেট করছে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ফেসবুক পেজ খুলতে হবে এবং নিয়মিত আপডেট করতে হবে। প্রত্যেক ফেসবুক পেজের লিংক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | বিদ্যুৎ বিভাগ ও সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |

০৩। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির জনবলের জন্য Unified PMIS সফটওয়্যারে ডাটা এন্ট্রির বিষয়ে আলোচনা হয়। সভায় Unified PMIS সফটওয়্যারে ডাটা এন্ট্রির হালনাগাদ তথ্য উপস্থাপন করা হয়। বাপবিবো জানায় তাদের সমিতি সমূহের জনবলের তথ্য এন্ট্রির কাজ চলমান আছে এবং খুব শিঘ্রই এন্ট্রির কাজ শেষ হবে। সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাঁদের জনবলের তথ্য Unified PMIS সফটওয়্যারে ডাটা এন্ট্রি ও হালনাগাদকরণের জন্য এইচ আর শাখা হতে কমপক্ষে ১ জন কর্মকর্তাকে ইনোভেশন কমিটিতে অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। বিদ্যুৎ বিভাগের KPI স্থাপনাসমূহে পর্যাপ্ত নিরাপত্তার স্বার্থে Closed Circuit Camera এবং IP Surveillance System বসানো এবং কার্যকরকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সকল KPI-এর Closed Circuit Camera ও IP Surveillance System এর তথ্য/চিত্র সঠিকভাবে সংরক্ষণ/রেকর্ডিং হচ্ছে কি না তা নিশ্চিত করতে সকলকে পরামর্শ দেয়া হয়। PGCB এর প্রতিনিধি জানান যে, HVDC স্থাপনার নিরাপত্তার বিষয়ে সেনাবাহিনীর জন্য ব্যারাক নির্মাণ কাজ চলমান আছে। নির্মাণ কাজ দ্রুত শেষ করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম পিজিসিবিকে গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইট ইংরেজি সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ করার বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে হোম পেজ বাংলায় রূপান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ডিফল্ট পেজ হিসাবে বাংলা হোম পেজ রাখতে হবে। পরবর্তীতে অন্যান্য পেজ পর্যায়ক্রমে বাংলা ভার্সনে রূপান্তর করার বিষয়ে পরামর্শ দেয়া হয়।

০৬। সভার বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির সকল জনবলের তথ্য আগামী ১৫ই নভেম্বর, ২০১৬ তারিখের মধ্যে Unified PMIS এ এন্ট্রি ও তথ্য হালনাগাদ শেষ করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(খ) (১) KPI স্থাপনাসমূহের পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে Closed Circuit Camera এবং IP Surveillance System স্থাপন বা কার্যকর রাখতে হবে। সকল KPI-এর Closed Circuit Camera ও IP Surveillance System এর তথ্য/চিত্র যথাযথভাবে সংরক্ষণ/রেকর্ডিং হচ্ছে কি না তা নিশ্চিত করতে হবে।
(২) PGCB এর অধীন HVDC KPI এ পর্যাপ্ত নিরাপত্তার লক্ষ্যে সেনাবাহিনীর জন্য ব্যারাক নির্মাণের কাজ দ্রুত শেষ করতে হবে এবং কাজের অগ্রগতি প্রতিবেদন আগামী ১ মাসের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নঃ-সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(গ) সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইট ইংরেজী সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বিশেষ করে হোম পেজ বাংলায় রূপান্তর করে সেটি ডিফল্ট পেজ হিসাবে রাখতে হবে। পরবর্তীতে অন্যান্য পেজ পর্যায়ক্রমে বাংলা ভার্সনে রূপান্তর করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মাহবুব-উল-আলম)
অতিরিক্ত সচিব
বিদ্যুৎ বিভাগ